

বাংলা

Bengali (303)

শিক্ষককৃত মূল্যায়ন পত্র

Tutor Marked Assignment

পূর্ণমান : 20

নির্দেশিকা : (ক) প্রতিটি প্রশ্ন আবশ্যিক।

(খ) উত্তরপত্রে প্রথম পৃষ্ঠায় উপরের দিকে নিজের নাম, এনরোলমেন্ট নম্বর, পাঠকেন্দ্রের (AI) নাম, ও বিষয় স্পষ্টভাবে লিখুন।

1. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 40-60টি শব্দের মধ্যে লিখতে হবে) : 2

(ক) “নব পরিচয় কালিয়া বঁধুর সনে”— 2

কালিয়া বঁধু কে? কালিয়া বঁধুর সঙ্গে কার নব পরিচয়ের কথা বলেছেন কবি? ‘নব পরিচয়’ শব্দটি বিশেষ কোন অর্থে ব্যবহৃত হয়েছে? (পাঠ ২ দেখুন)

(খ) “এ সংসারে ক্ষীর, সর, দুগ্ধ, মৎস্য, মাংস সকলই তোমরা খাইবে; আমরা কিছুই পাইব না?” 2

বিষয়টির উদ্ভাবক কে? কাকে উদ্দেশ্য করে বলেছে? এই কথার অন্তর্নিহিত অংশটি পরিস্ফুট করুন। (পাঠ ৮ দেখুন)

2. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 40-60টি শব্দের মধ্যে লিখতে হবে) :

(ক) আকৃতি ও প্রকৃতিতে ‘কালাপাহাড়’ একটি সার্থক ছোট গল্প — আপনার মতামত জানান। 2

(পাঠ ২০ দেখুন)

(খ) নীচের কবিতার অংশে কোন অলঙ্কার ব্যবহৃত হয়েছে বুঝিয়ে দিন— 2

কানুর পীরিতি চন্দনের রীতি

ঘষিতে সৌরভময়।

3. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন। 2
- (ক) সাধুরীতি থেকে চলিত রীতির বাক্যে পরিবর্তন করুন —
- অ) তুমি আমাকে মারিতে লাঠি তুলিয়াছিলে, তুমি অদ্য হইতে তিন দিবস উপবাস করিয়া দেখো। 1
- আ) নির্দেশ মতো গঠন অনুসারে বাক্যটির পরিবর্তন করুন — 1
- তোমাদের পরিচিত সুরেনদা এখনই আসবেন। (জটিল বাক্য)
- (খ) অ) ‘চিংড়ি’ ও ‘ডিঙি’ — কী জাতীয় শব্দ লিখুন এবং ঐ শব্দগুলি দিয়ে বাক্য রচনা করুন। 1
- আ) ‘তেজস্’ + ‘বিন’ যোগ করে কোন শব্দ তৈরি হয়? সেই শব্দ দিয়ে একটি বাক্য রচনা করুন। 1
- (পাঠ ১২-১৫ দেখুন)
4. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 100-150টি শব্দের মধ্যে লিখতে হবে) : 4
- (ক) “ধর্ম অনেক সময় মানুষের সঙ্গে মানুষের মিলনের সেতু না হয়ে বিভেদের কারণ হয়ে দাঁড়ায়” — ‘নামজা’ কবিতা অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করুন। (পাঠ ১৯ দেখুন)
- (খ) ‘শিলাইদহ থেকে’ রচনার মাধ্যমে পল্লি বাংলার বিশিষ্টতার প্রকৃতি বর্ণনা করুন। (পাঠ ৯ দেখুন)
5. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 100-150টি শব্দের মধ্যে লিখতে হবে) : 4
- (ক) প্রতিবেদন রচনা করুন :
- ধরুন আপনি একজন সাংবাদিক — ২৮ জুন রাত দুটোয় উল্টোডাঙা বস্তিতে আগুন লাগার খবর পেয়ে আপনি গেলেন — দেখলেন ভয়াবহ অবস্থা — গরিব মানুষগুলো প্রাণ ভয়ে এদিক ওদিক ছুটছেন — দমকল নেই — সকলেই হাতের কাছে যা পেলেন জল ভরে ছুঁড়তে লাগলেন — অবশেষে দমকল এল — ভোর ৪টে নাগাদ আগুন নিভল — সমস্ত বস্তি পুড়ে ছাই —
- সকালের সংবাদে প্রকাশের জন্য প্রতিবেদন পাঠালেন সম্পাদকের কাছে। (পাঠ ২৭ দেখুন)
-

(খ) সার সংক্ষেপ লিখুন :

4

পাপীকে সাধু করা বড় সহজ নয়। ইহাতে অনেক যত্ন, অনেক সতর্কতা, মানব প্রকৃতির অনেক জ্ঞান থাকা চাই; এমনকি, কিছুকালের নিমিত্ত আপনার স্বার্থ পর্যন্ত বিস্মৃত হইতে হয়। এ সংসারে প্রেমই হৃদয় রাজ্যের অদ্বিতীয় ঈশ্বর। কী শিশু, কী প্রবীণ, কী বৃদ্ধ, কী ধনী, কী নির্ধন, কী পাপী, কী সাধু — সকলেই একবাক্যে ভালোবাসার দাস। অন্যের অন্তঃকরণে প্রভুত্ব করিতে হইলে প্রথমত, ভালোবাসার দ্বারাই তাহার পথ প্রস্তুত করিতে হয়। এইরূপ পরোক্ষ শিক্ষাদানের উদ্দেশ্যেও ভালোবাসার দ্বারা কার্যকরী করা হয়। বস্তুত, সহৃদয়তা ছাড়া যে পরের উপকার করা যায় না এবং সর্বময় স্নেহের অভাবে যে সর্বপ্রকার সদ্গুণও থাকা না-থাকা সমান, তাহাতে আর সন্দেহ কী! (পাঠ ২৬ দেখুন)

6. যে কোনো একটি বিষয়ে প্রকল্প রচনা করুন (উত্তর 500 শব্দের মধ্যে লিখতে হবে) :

6

(ক) “মোদের গরব মোদের আশা

আ-মরি বাংলা ভাষা।”

(স্তর বিন্যাস : বাংলা ভাষার উৎপত্তি — ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান — কয়েকটি কবিতা উল্লেখ করুন যেখানে কবি বাংলা ভাষা নিয়ে গৌরব প্রকাশ করেছেন — বিশ্বভাষা মানচিত্রে বাংলা ভাষার অবস্থান — যে কোনও একটি কবিতাকে অবলম্বন করে আলোচনা করুন যেখানে বাংলা ভাষাকে গর্বিত করা হয়েছে — নিজস্ব বিশ্লেষণ)।

(খ) মানবিক মূল্যবোধ :

(স্তর বিন্যাস : মূল্যবোধ কী? — মানুষের জীবনে মূল্যবোধের প্রয়োজনীয়তা — সাম্প্রতিককালে নৈতিক মূল্যবোধের অবনতির কারণ — মূল্যবোধের শিক্ষা — অবনত মূল্যবোধের জাগরণের উপায় — প্রতিবেদন)।